

## ‘এসব জামায়াত করেছে, লন্ডন থেকেও ফোন এসেছে’

জ্যেষ্ঠ প্রতিবেদক ৫:৪৬ অপরাহ্ন, সেপ্টেম্বর ১৮, ২০১৮

242



উগ্রতা, ভূয়া কন্টেন্ট তৈরি বা সন্ত্রাসে ইসলাম, মুসলিম, ধর্মীয় শিক্ষাপ্রতিষ্ঠান বা কওমী মাদরাসা কোনোভাবেই জড়িত নয় বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ। তিনি বলেন, এসবের পেছনে রাজনৈতিক সুবিধাভোগীরা জড়িত। মঙ্গলবার রাজধানীর বারিধারা কূটনৈতিক পাড়ার একটি হোটেলে মুভ ফাউন্ডেশন আয়োজিত ‘সামাজিক যোগাযোগ মাধ্যমে উগ্রবাদ ও ভূয়া কন্টেন্ট: চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়’ শীর্ষক আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

হানিফ বলেন, এ সরকার ক্ষমতায় আসার পর পর কল্পবাজারের রামু ও উখিয়ায়, ব্রাহ্মণবাড়িয়ায় ধর্মীয় উস্কানি দিয়ে ঘটনা ঘটানো হয়েছে। কোটা সংস্কার আন্দোলন ও নিরাপদ সড়কের দাবিতে কোমলমতি শিক্ষার্থীদের আন্দোলনের সময় গুজব ছড়িয়ে অস্বাভাবিক পরিস্থিতি তৈরির চেষ্টা হয়েছে। তিনি দাবি করেন, এসবের পেছনে রাজনৈতিক সমর্থন ও সহযোগিতা ছিল। জামায়াত করেছে, লন্ডন থেকেও এর জন্য ফোন এসেছে।

আওয়ামী লীগ যুগ্ম-সাধারণ সম্পাদক বলেন, মাদরাসা ছাত্ররা কোনো উগ্রবাদ দল বা কর্মকাণ্ডে জড়িত নয়। জামায়াতে ইসলামীসহ বিভিন্ন দল যারা উগ্রবাদী কর্মকাণ্ডের পর রাজনৈতিক সুবিধা পাবে, তারাই এতে জড়িত। সংগঠিত ঘটনার পেছনে উপকারভোগী কারা আমাদেরকে আগে সেটা বের করতে হবে। তাহলেই করা এতে জড়িত বেরিয়ে আসবে।

মতপ্রকাশের স্বাধীনতা নিয়ে তিনি বলেন, যে কেউ তার নাম ও পরিচয় প্রকাশ করে মতপ্রকাশ করতেই পারে। তবে নাম-পরিচয় গোপন করে ভূয়া আইডি থেকে অপপ্রচার ও বা বিভ্রান্তি ছাড়াতে পারে না। যদি কেউ এটা করে, তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে হবে।

হানিফ বলেন, এমন বাকস্বাধীনতা আমরা চাই না, যেটা সমাজে হানাহানি সৃষ্টি করে। এমন গণতন্ত্র আমরা চাই না, যে গণতন্ত্রের নামে মানুষ পোড়ানোর মত ঘটনাও ঘটে।

সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সচেতন হওয়ার পরামর্শ দিয়ে তিনি বলেন, আমাদের সামাজিক দায়বদ্ধতা থাকা উচিত। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে আরও সচেতন হওয়া উচিত। এর নেতিবাচক প্রভাবও জানা দরকার

ড. মঞ্জুর আহমেদ চৌধুরীর সঞ্চালনায় এতে মূল প্রবন্ধ পেশ করেন ব্রি. জেনারেল জিয়াউল আহসান। আলোচনায় অংশ নেন কানাডিয়ান হাইকমিশনার বিনয় প্রিপনটেইন, সাবেক প্রধান তথ্য কমিশনার অধ্যাপক গোলাম রহমান, ইসলামী ঐক্যজোটের নেতা মাওলানা আলতাফ হোসাইন, কল্যাণ পার্টির চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) মোহাম্মদ ইবরাহীম বীর প্রতীক, বিএনপি নেতা ব্যারিস্টার সারোয়ার, আওয়ামী লীগের উপ-প্রচার ও প্রকাশনা সম্পাদক আমিনুল ইসলাম আমিন, সাংবাদিক শ্যামল দত্ত, হুমায়ুন কবির, অজয় দাস গুপ্ত, কওমী মাদরাসা ছাত্রদের পেজের এডমিন সালাহ উদ্দিন জাহাঙ্গীর প্রমুখ।

এসইউজে/এমএসআই

<https://www.poriborton.com/politics/141507>